এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

# সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. ★ সাম্প্রতিক সময়ে বাংলাদেশে মাদকাসক্তি কিশোর অপরাধসহ বিভিন্ন সামাজিক সমস্যা প্রকট আকার ধারণ করেছে। অনাকাঙ্ক্ষিত খুন, আত্মহত্যার মতো ঘটনাও সমাজে বৃদ্ধি পেয়েছ। এসকল সমস্যার সমাধানে সমাজকর্মের শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

ক. উদীয়মান পেশা কোনটি? ১

খ. সমাজকর্মকে অনুশীলনধর্মী পেশা বলা হয় কেন? ২

গ. উদ্দীপকটি সমাজকর্মের কোনটিকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটির শেষোক্ত মন্তব্যটি কি তুমি সমর্থন কর? যৌক্তিক মতামত দাও। ৪

২. ▶ রাসেল অনার্স পড়াকালীন খারাপ সঙ্গে জড়িয়ে পড়ে। বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডসহ মাদকাসক্ত হয়ে পড়ে। এ অবস্থায় তার বাবা একজন সমাজকর্মীর শরণাপন্ন হন। সমাজকর্মী রাসেলের চিকিৎসক, বন্ধু-বান্ধব, পরিবারের সদস্যগণ বন্ধু-বান্ধবের সাথে যোগাযোগ করে সুস্থতার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেন।

ক. ইংল্যান্ডে প্রথম দরিদ্র আইন কে প্রণয়ন করেন ১

খ. দরিদ্র আইন কমিশন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকটির গৃহীত পদক্ষেপের ক্ষেত্রে সমাজকর্মের কোন সংগঠনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইংল্যান্ডের সমাজকর্ম বিকাশের প্রেক্ষিতে উক্ত সংগঠনটির পটভূমি বিশ্লেষণ কর। ৪

৩. ▶ অলসপুর এলাকায় চাষিরা এখন হালচাষের লাঙল বলদের পরিবর্তে ট্রাক্টর ব্যবহার করে। আগে ছোট ছোট যন্ত্র ব্যবহার করে ঘরে বসে শিল্পদ্রব্য তৈরি করত। এখন বৃহৎ যন্ত্রপাতি ব্যবহার করে কল-কারখানায় বিভিন্ন দ্রব্য উৎপাদন করা হয়।

https://teachingbd24.com

ক. এলিজাবেথীয় আইন-কোনটি? ১
খ. NASW গঠন করা হয়েছিল কেন? ২
গ. উদ্দীপকটির বর্ণিত এলাকায় কোন ঘটনার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ঘটনা এলাকার জনগণের জন্য আশীর্বাদস্বরূপ— কথাটি বিশ্লেষণ কর। ৪

৪. ★ আকমল সাহেব ছেলে-মেয়েদের সম্পূর্ণ স্বাধীনতা দিয়েই বড় করে তুলেছেন। পড়াশোনা, জীবনসংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত তিনি তাদের উপরই ছেড়ে দিয়েছেন। তার সন্তানরাও বাবা-মাকে অত্যন্ত ভক্তি করে। সমাজের অন্যান্য ক্ষেত্রেও আকমল সাহেবের সন্তানরা যথোচিত আচরণ প্রদর্শন করে থাকে।

ক. মূল্যবোধ কোন ধরনের প্রত্যয়? ১
খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২
গ. আকমল সাহেবের ক্ষেত্রে সমাজকর্মের কোন মূল্যবোধের ইঙ্গিত প্রকাশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটির পারস্পরিক মূল্যবোধের ফলে সমাজে সংগতি বৃদ্ধি পায়— তোমার মতামত দাও। ৪

৫. ▶ নিশি ও ঐশি সমাজকর্মে মাস্টার্স করছে। তারা ফিল্ড ওয়ার্কের জন্য ঢাকা শহরের একটি বস্তিতে পর্যবেক্ষণে যায়। কিন্তু সেখানে বস্তির এক মহিলার সাথে নিশির তর্কাতর্কি শুরু হয়। তখন ঐশি নিশিকে শান্ত করে এবং পর্যায়ক্রমে একটু সুষ্ঠু ও আন্তরিক পরিবেশ সৃষ্টি হয়।

ক. পেশা কী? ১
খ. পেশা ও বৃত্তির মধ্যে পার্থক্য লেখ। ২
গ. নিশি সমাজকর্মের কোন নীতিমালার পরিপন্থি আচরণ প্রদর্শন করেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. ঐশির ভূমিকা সমাজকর্মের যে মূল্যবোধ প্রতিষ্ঠিত হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৬. ★ মহব্বত সাহেব প্রচুর ধনসম্পদের মালিক। তিনি সকল সম্পত্তির আয় ব্যয়ের বাৎসরিক হিসাব রাখেন। কেননা গচ্ছিত সম্পত্তি ও অর্থের ওপর তাকে নির্দিষ্ট পরিমাণ দান-খয়রাত করতে হয়। উক্ত ব্যক্তির এ দান সমাজে শান্তি সৃষ্টি করে।

https://teachingbd24.com

ক. Charity কোন শব্দ থেকে এসেছে? ১
খ. দেবোত্তর বলতে কী বোঝ? ২
গ. মহব্বত সাহেবের দানের ক্ষেত্রে কোন সমাজকল্যাণ ব্যবস্থার ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ব্যবস্থা সমাজে শান্তি ও সম্প্রীতি বৃদ্ধি করে— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭.▶ উদয়পুর গ্রামের মেয়েরা চিরাচরিত অবহেলিত। তার উপর গ্রামের মোল্লাদের দ্বারা ফতোয়ার শিকার। ইবনাত উক্ত এলাকার একটি সংবাদ প্রচারের জন্য একটি টিভি চ্যানেলের সাথে যোগাযোগ করে। উক্ত গ্রামের সচেতন বেশ কয়েকজন ইবনাতের সাথে যোগ দেয়। এ অবস্থার পরিত্রাণের উদ্যোগ নেয়।

ক. সমাজ সংস্কার কী? ১
খ. নারী নির্যাতন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের ইবনাত ও গ্রামের সচেতন লোকের ভূমিকা কী হিসেবে আখ্যায়িত করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কার্যক্রমে সমাজকর্মীর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮.▶ মকবুল স্যার ক্লাসে শিক্ষার্থীদের তাদের বিভিন্ন অধিকার সম্পর্কে ধারণা দেন। তাছাড়া গণতান্ত্রিক আদর্শ বিকাশ ও নাগরিকের কর্তব্য সম্পর্কে সচেতন করে তোলেন। তিনি রাষ্ট্রের ভূমিকা বিশদ আলোচনা সাপেক্ষে সামাজিক নিরাপত্তার কথা বলেন। যা রাষ্ট্র নাগরিককে দিতে সচেষ্ট।

ক. জ্ঞান বিজ্ঞানের ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. সমাজবিজ্ঞানকে কেন সমাজের বিজ্ঞান বলা হয়? ২
গ. মকবুল সাহেবের বিষয়বস্তু কোন সামাজিক বিজ্ঞানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটির উল্লিখিত শেষোক্ত ভূমিকার ক্ষেত্রে সমাজকর্মের কর্মসূচির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৯. ★ সমাজকর্মী জামি অপরাধ সংশোধন ও শ্রমকল্যাণের ওপর পিএইচডি অর্জন করার জন্য আবেদন করেছেন। তার তত্ত্বাবধায়ক তাকে পরামর্শ দিয়েছেন এ সম্পর্কিত বিষয়ে সাফল্য অর্জন করতে হলে মানব আচরণ-সম্পর্কিত জ্ঞান অর্জন করতে হবে। জামি জানাল সে মানব বিকাশ ও আচরণ সম্পর্কিত জ্ঞান অর্জন করছে তার কাজের সহায়তার জন্য।

https://teachingbd24.com

ক. Anthropo শব্দের অর্থ কী? ১
খ. অর্থনীতির জন্য সমাজকর্মের জ্ঞান অপরিহার্য কেন? ২
গ. উদ্দীপকটির কোন বিষয়ের জ্ঞান জামিকে তার কাজে সহায়তা করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পেশাগত দায়িত্ব পালনে সাফল্য লাভের জন্য তত্ত্বাবধায়ক জামিকে উক্ত বিষয়ের জ্ঞানের পরামর্শ দেন— বিশ্লেষণ কর। ৪

১০. ★ সামাজিক উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার জন্য উন্নয়নশীল দেশ 'ক' নতুন উদ্যোগের কথা ভাবছে। প্রথমেই তারা বস্তির সমস্যার সমাধানে প্রয়াসী। এসমস্যা সমাধানে তারা বস্তিগুলো ভেঙেনতুন বসতি স্থাপনের সিদ্ধান্ত নেয়। বিভিন্ন জায়গা থেকে আগত বস্তির মানুষের মধ্যে পারস্পরিক সম্প্রীতি ও সামাজিক বন্ধন গড়ে তোলার জন্য সমাজকর্মী নিয়োগ দিয়েছে।

ক. মৌলিক পদ্ধতি কী? ১
খ. র‍্যাপো বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকটির বর্ণিত সমস্যা মোকাবিলায় সমাজকর্মের কোন পদ্ধতি অনুসরণ করতে হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পদ্ধতির প্রয়োগের সম্ভাব্য ক্ষেত্রে ও সফলতার ক্ষেত্রে তোমার মতামত দাও। ৪

১১. ★ জনাব শফি একজন সরকারি কর্মকর্তা। শিশুকল্যাণের স্বার্থে শিশুশ্রম বন্ধ করার উপায় নির্ণয় করার জন্য জনাব শফিকে নিয়ে একটি কমিটি করা হয়। তিনি ও তার কমিটি পেশাগত জ্ঞান-দক্ষতার প্রয়োগ করে তথ্য উপাত্ত সংগ্রহ করে বিবেচনাপূর্বক খসড়া দিকনির্দেশনা তৈরি ও অনুমোদন করেন। পরবর্তীতে সামাজিক নীতিতে রূপান্তরিত হয়।

ক. জাতীয় নারী উন্নয়ন নীতি কত সালে প্রণীত হয়? ১
খ. সামাজিক নীতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বাংলাদেশে কোন সামাজিক নীতির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়ের ক্ষেত্রে উক্ত নীতির কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

https://teachingbd24.com

# সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময়- ৩০ মিনিট — বহুনির্বাচনি প্রশ্ন — পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

**১. Anthropology শব্দের উৎপত্তি কোন শব্দ থেকে?**
ক) গ্রিক Enthros এবং Logs
খ) গ্রিক Anthropo এবং Logos
গ) ল্যাটিন Enthropos এবং Logia
ঘ) ল্যাটিন Antrics এবং Logos

**২. ★ আচরণের বিজ্ঞান কোনটি?**
ক) সমাজবিজ্ঞান খ) জীববিজ্ঞান
গ) নৃবিজ্ঞান ঘ) মনোবিজ্ঞান

**৩. অর্থনীতির মূল আলোচ্য বিষয় কী?**
ক) মানুষ ও সম্পদ খ) সম্পদ ও শিল্প
গ) মানুষ ও প্রাণী
ঘ) মানুষ ও বণ্টনব্যবস্থা

**৪. সমাজের ক্ষুদ্র একক কোনটি?**
ক) পরিবার খ) বিবাহ
গ) রাষ্ট্র ঘ) সংঘ

**৫. ★ রাষ্ট্রের মূল উপাদান কয়টি?**
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

**৬. জনবিজ্ঞানের মূল আলোচ্য বিষয় হচ্ছে—**
i. জন্মহার
ii. মৃত্যুহার iii. স্থানান্তর হার
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. ★ সামাজিক নীতিকে সমাজসেবায় পরিণত করার প্রক্রিয়া হলো—**
ক) সামাজিক গবেষণা খ) সমাজকর্ম প্রশাসন
গ) সামাজিক জরিপ ঘ) সামাজিক কার্যক্রম

**৮. অনুন্নত দেশে এবং উন্নত দেশের অনুন্নত এলাকার উন্নয়নে প্রয়োগ করা হয়—**
i. সমষ্টি সংগঠন
ii. সমষ্টি উন্নয়ন iii. সমাজকর্ম গবেষণা
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) ii ও iii

**৯. ★ বেকারত্ব হলো—**
i. কর্মক্ষম হয়েও কর্মহীন অবস্থা
ii. ইচ্ছাকৃতভাবে কর্মহীন অবস্থা
iii. শারীরিক বা মানসিক কারণে কর্মহীন থাকা
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**
বিয়ের সময় মিনার বয়স ছিল মাত্র ১৪ বছর। বিয়ের দেড় বছরের মধ্যে মিনা কন্যাসন্তানের জন্ম দেয়। বর্তমানে তার দুই মেয়ে দুই ছেলে। কম বয়সে অধিক সন্তান জন্ম দেওয়ায় সে অসুস্থ হয়ে পড়ে। ফলে সংসারে বিভিন্ন সমস্যা দেখা দেয়। কারণ মিনা নিজের স্বাস্থ্যের সাথে সাথে পরিবারের অন্যদেরও সঠিক পরিচর্যা করতে পারছে না। পরিবারে সদস্য সংখ্যা বেশি হওয়াতে খরচ বৃদ্ধি পাওয়ায় সংসারে অভাব অনটনও বৃদ্ধি পেতে থাকে।

**১০. উদ্দীপকে মূলত কোন সমস্যার ইঙ্গিত রয়েছে?**
ক) নিরক্ষরতা খ) বাল্যবিবাহ
গ) স্বাস্থ্যহীনতা ঘ) মাদকাসক্তি

**১১. উদ্দীপকে উল্লিখিত সমস্যা অন্যান্য যে সামাজিক সমস্যার সৃষ্টি করে তা হলো—**
i. জনসংখ্যা বৃদ্ধি
ii. দরিদ্রতা iii. পুষ্টিহীনতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১২. নিচের কোনটি সমাজকর্মের সহায়ক পদ্ধতি?**
ক) সামাজিক জরিপ খ) কেস স্টাডি
গ) দল সমাজকর্ম ঘ) সামাজিক কার্যক্রম

**১৩. ★ মানুষের সামাজিক সম্পর্ক ও সামাজিক আচার আচরণ নিয়ন্ত্রণ করে—**
ক) সামাজিক আইন খ) পারিবারিক আদালত
গ) ফৌজদারি আইন
ঘ) প্রবেশন অব এফেন্ডার্স অর্ডিন্যান্স

**১৪. ★ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধ্যাদেশ কখন প্রণীত হয়?**
ক) ১৯৮৩ খ) ১৯৮৫
গ) ১৯৮৯ ঘ) ১৯৯০

**১৫. সামাজিক আইনের উদ্দেশ্য হলো—**
i. মানুষের সামাজিক আচরণ নিয়ন্ত্রণ
ii. সম্পদ ও সুযোগের সুষম বণ্টন
iii. সামাজিক নিরাপত্তা ব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

**নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
করিম সাহেব একজন শিক্ষক তার তিন মেয়ের মধ্যে বড় মেয়ের এক ছেলে এক মেয়ে। হঠাৎ একদিন সড়ক দুর্ঘটনায় বড় মেয়ের স্বামী মারা যায়। সে সময় তার শ্বশুরবাড়ি থেকে তাকে ছেলেমেয়েসহ বাড়ি থেকে জোরপূর্বক তাড়িয়ে দেয়। তাদের দাবি বাবা জীবিত থাকাকালীন ছেলে মারা গেলে নাতি-নাতনিরা দাদার সম্পত্তির উত্তরাধিকার হয় না।

**১৬. উদ্দীপকে উপস্থাপিত সমস্যাটি কোন আইনের মাধ্যমে মীমাংসাযোগ্য?**
ক) শিশু আইন ১৯৭৪
খ) মুসলিম পারিবারিক আইন ১৯৬১
গ) পারিবারিক আদালত অধ্যাদেশ ১৯৮৫
ঘ) যৌতুক বিরোধ আইন ১৯৮০

**১৭. উদ্দীপকে উল্লিখিত ঘটনাটি নির্দেশ করে—**
i. মুসলিম পারিবারিক আইন ১৯৬১-এর লঙ্ঘন
ii. উত্তরাধিকার নীতির অপব্যাখ্যা
iii. গৃহীত পদক্ষেপ সঠিক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**১৮. ★ ব্যক্তি সমাজকর্মের উপাদান কয়টি?**
ক) ২টি  খ) ৪টি
গ) ৫টি  ঘ) ৬টি

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
সমাজকর্মী মাসুদ তার এলাকার দরিদ্র ও অসহায় নারীদের ভাগ্য উন্নয়নে কিছু কাজ করতে চায়। কিন্তু এ বিষয়ে তার কোনো তথ্য জানা নেই।

**১৯. উদ্দীপকে উল্লিখিত তথ্য সংগ্রহের জন্য মাসুদ কোন ধরনের পদ্ধতির সহায়তা নিতে পারে?**
ক) সমাজকর্ম গবেষণা  খ) সামাজিক কার্যক্রম
গ) সামাজিক প্রশাসন  ঘ) সমষ্টি সংগঠন

**২০. উদ্দীপকে উল্লিখিত সহায়ক পদ্ধতিটির বৈশিষ্ট্য হলো—**
i. সমস্যা সমাধান প্রক্রিয়া
ii. সুশৃঙ্খল অনুসন্ধান পদ্ধতি
iii. সমাজকর্ম পদ্ধতির কার্যকারিতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i  খ) ii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২১. পরিবার গঠনের মূল ভিত্তি হলো—**
ক) স্বামী-স্ত্রী সম্পর্ক
খ) বিবাহ
গ) সামাজিক প্রতিষ্ঠান
ঘ) সামাজিক এজেন্সি

**২২. সামাজিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য হলো—**
ক) দ্রুত পরিবর্তন হয় না
খ) সর্বজনীন ও সর্বব্যাপী
গ) মৌলিক মানবিক চাহিদা পূরণের মাধ্যমে
ঘ) উপরের সবগুলো ঠিক

**২৩. গণমাধ্যমের বৈশিষ্ট্য হলো—**
i. সংবাদ বা তথ্য আনুষ্ঠানিক সংগঠন হতে প্রেরিত
ii. তথ্যাদির একমুখী প্রচার
iii. ফলাফল সরাসরি পাওয়া যায় না
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৪. ★ অটিজম কী?**
ক) দৈহিক প্রতিবন্ধিতা
খ) মানসিক প্রতিবন্ধিতা
গ) বুদ্ধি প্রতিবন্ধিতা
ঘ) মস্তিষ্কের বিকাশ সংশ্লিষ্ট প্রতিবন্ধিতা

**২৫. পরিকল্পনা হতে হবে—**
i. ব্যক্তিকেন্দ্রিক
ii. সরল  iii. স্পষ্ট
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৬. ★ মুসলিম পারিবারিক আইন কত সালে প্রণীত হয়?**
ক) ১৯৫১  খ) ১৯৬১
গ) ১৯৭১  ঘ) ১৯৮১

**২৭. ★ ১৯৭৪ সালে শিশু আইন অনুযায়ী শিশু কারা?**
ক) যাদের বয়স ১৬ বছরের কম
খ) যাদের বয়স ১৭ বছরের কম
গ) যাদের বয়স ১৮ বছরের কম
ঘ) যাদের বয়স ১৯ বছরের কম

**২৮. ব্যক্তি সমাজকর্মের কেন্দ্রবিন্দু কী?**
ক) ব্যক্তি  খ) দল
গ) সমষ্টি  ঘ) দল ও সমষ্টি

**২৯. ★ জাতীয় শিক্ষানীতি কোন সালে প্রবর্তন করা হয়?**
ক) ২০০৮ সালে  খ) ২০১০ সালে
গ) ২০১১ সালে  ঘ) ২০১২ সালে

**৩০. যৌতুক নিরোধ আইন কত সালে প্রণীত হয়?**
ক) ১৯৬০  খ) ১৯৭০
গ) ১৯৮০  ঘ) ১৯৯১

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ | ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ |

Teachingbd24.com